## অপরিচিত লোকের পরিচয় জেনে নিন, পাচারকারী সন্দেহ হলে থানায় খবর দিন

অপরিচিত লোকের সাথে সম্পর্ক স্থাপনের আগে ভালো করে তার পরিচয় জেনে নেয়া উচিত। নইলে সমূহ বিপদ হতে পারে। শিশু ও নারী পাচার প্রতিরোধে জনসচেতনতা সৃষ্টির উদ্দেশ্যে উন্নীত হয়েছে এই দুই রঙের পোস্টারটি।

মূল্য : ৫.০০ টাকা।




## প্রশিক্ষণ ম্যানুয়াল ও হ্যান্ডবুক




### নারী উন্নয়ন ফোরাম সদস্যদের সক্ষমতা বৃদ্ধিমূলক হ্যান্ডবুক

ইউনিয়ন পরিষদের সংরক্ষিত আসনের নির্বাচিত নারী সদস্যদের নিয়ে "নারী উন্নয়ন ফোরাম" (WDF) গঠন করা হয়েছে। এই ফোরাম গঠনের লক্ষ্য হলো-ইউনিয়ন পরিষদের নির্বাচিত নারী সদস্যদের নেতৃত্বের মাধ্যমে সমাজে নারীর অধিকার ও মর্যাদা প্রতিষ্ঠা, নারীর প্রতি সকল প্রকার সহিংসতা প্রতিরোধ এবং নারীদের দক্ষতা বৃদ্ধির মাধ্যমে আত্মনির্ভরশীল করে গড়ে তোলা। কভার ও ইনার ৪ রঙে ছাপা এর পৃষ্ঠা ১২০।

- ❑ পাচার ও নির্যাতনের শিকার নারী ও শিশুর মানসিক স্বাস্থ্যসেবা সহায়ক ম্যানুয়াল-২
- ❑ উইমেন্স এ্যাকশন গ্রুপের সদস্যদের জন্য নারী নির্যাতন প্রতিরোধ বিষয়ক হান্ডবুক
- ❑ নারী নির্যাতন ও পাচার প্রতিরোধ বিষয়ক সচেতনতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ ম্যানুয়াল
- ❑ শিশু অধিকার ও শিশু সুরক্ষা প্রতিষ্ঠায় এ্যাডভোকেসি ও নেটওয়াকিং প্রশিক্ষণ মডিউল
- ❑ নারী নেতৃত্ব উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ ম্যানুয়াল




এছাড়াও এই সেক্টরে আরও ৩২টি প্রশিক্ষণ ম্যানুয়াল ও হ্যান্ডবুক রয়েছে।

উপকরণ সংগ্রহ ও বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগের ঠিকানা-


## ঢাকা আহ্ছানিয়া মিশন

বাড়ি ১৯, সড়ক ১২ (নতুন) ধানমন্ডি আ/এ, ঢাকা-১২০৯

ফোন: ৮৮১১৯৫২১-২২, ৯১২৩৪০২

ফ্যাক্স: (৮৮০-২) ৮১১৩০১০


# আমাদের প্রকাশনা

## মানবাধিকার ও সামাজিক ন্যায় বিচার বিষয়ক উপকরণমালা




Dhaka Ahsania Mission

Serving Humanity DAM 55 Years

## ঢাকা আহ্ছানিয়া মিশন

ঢাকা আহ্ছানিয়া মিশনের প্রশিক্ষণ ও উপকরণ উন্নয়ন বিভাগ বিগত ২ যুগ ধরে বিভিন্ন জনগোষ্ঠীর চাহিদাভিত্তিক উপকরণ উন্নয়ন করে আসছে। এই ব্র শিওর এ বিধৃত রয়েছে মানবাধিকার ও সামাজিক ন্যায় বিচার সেক্টরের জন্য উন্নীত ও প্রকাশিত উপকরণমালার সচিত্র তথ্য-

## অব্যাহত শিক্ষা উপকরণ

### AvBb I AwaKvi




### জমি ক্রয়

জমি কেনার আগে কী কী বিষয় খেয়াল রাখতে হবে, কোনো জমি বিক্রি হলে ঐ জমি কে আগে কেনার অধিকার রাখে, জমি ক্রয় করার পর কী কী বিষয় স্মরণ রাখতে হবে- তা গল্পের আঙ্গিকে এই বুকলেটটিতে উপস্থাপন করা হয়েছে। এর প্রচ্ছদ দুই রঙে এবং ইনার এক রঙে ছাপানো।

পৃষ্ঠা : ১৪, মূল্য : ১৩.০০ টাকা।

### বন্ধকী ও খাস জমি বণ্টন

ভূমিহীন কারা, তাদের মধ্যে কীভাবে খাস জমি বণ্টন করা হবে, একজন ভূমিহীন কোন শ্রেণীর জমি কতটুকু পাবে, জমি বন্ধক দেয়ার ধরন, বন্ধকী জমি কীভাবে ছাড়িয়ে নিতে হবে- এই বিষয়গুলো নিয়ে গল্পের আঙ্গিকে এই বুকলেটটি রচিত হয়েছে।

পৃষ্ঠা : ২২, মূল্য : ১০.০০ টাকা।







### বর্গাচাষ

বর্গাচাষ কী, একজন বর্গাচাষী কতটুকু জমি বর্গাচাষ করতে পারবেন, জমি বর্গা নিলে জমির মালিকের সাথে কী ধরনের চুক্তি করতে হয়- এই আইনগুলো নিয়ে গল্পের আঙ্গিকে এই বুকলেটটি রচিত।

পৃষ্ঠা : ১৪, মূল্য : ১২.০০ টাকা।

### যৌতুক

যৌতুক কী, যৌতুক দেয়া ও নেয়া কী ধরনের অপরাধ, এই অপরাধের শাস্তি কী, যৌতুক দেয়া বা নেয়াতে কেউ সাহায্য করলে তার শাস্তি কী, আইনের এসব বিষয়াবলী, এই বইয়ের প্রতিপাদ্য। বুকলেটটির প্রচ্ছদ ও ইনার যথাক্রমে দুই এবং এক রঙে ছাপানো হয়েছে।

পৃষ্ঠা : ১৬, মূল্য : ১০.০০ টাকা।








### তালাক

শুধু মুখে তালাক বললেই তালাক হয় না। তালাক দেয়ার অনেক নিয়ম কানুন আছে, আইন আছে। এ আইনটি কী, আইনটি কার্যকরী করতে গেলে স্বামী ও স্ত্রীকে কী কী করতে হবে- এই বিষয়গুলো নিয়েই বুকলেটটি রচিত হয়েছে। বইটির প্রচ্ছদ দুই রঙে এবং ইনার এক রঙে মুদ্রিত।

পৃষ্ঠা : ২৪, মূল্য : ১৩.০০ টাকা।




### বহুবিবাহ


স্ত্রীকে না জানিয়ে স্বামী আরেকটি বিয়ে করলে, স্ত্রী স্বামীর বিরুদ্ধে আইনগত কী ধরনের ব্যবস্থা নিতে পারবে, বহু বিবাহের শাস্তি কী, এ বিষয়গুলো নিয়ে গল্পের আঙ্গিকে রচিত হয়েছে এই বুকলেটটি। এর প্রচ্ছদ দুই রঙ এবং ইনার এক রঙে মুদ্রিত হয়েছে।

পৃষ্ঠা : ২৮, মূল্য : ১৪.০০ টাকা।

### বিবাহ

কত বছর বয়স হলে একটি ছেলে ও একটি মেয়ে বিবাহ বন্ধনে আবদ্ধ হতে পারে, নির্দিষ্ট বয়সের আগে ছেলে মেয়ের বিয়ে হলে আইনে কী ধরনের শাস্তির বিধান আছে- এ বিষয়গুলো নিয়ে গল্পের আঙ্গিকে প্রকাশিত বিবাহ নামের এই পুস্তিকাটি প্রণীত হয়েছে। দুই রঙের প্রচ্ছদ এবং এক রঙের ইনারে বইটি মুদ্রিত।

পৃষ্ঠা : ২০, মূল্য : ১৩.০০ টাকা।







### কর্মজীবী মহিলা

এই বুকলেটটি কর্মজীবী মহিলার মাতৃত্বকালীন ছুটি, মাতৃকল্যাণ ভাতাসহ কর্মজীবী মহিলাদের নানা ধরনের অধিকারের বিষয় নিয়ে রচিত হয়েছে। বুকলেটটির প্রচ্ছদ দুই রঙে এবং ইনার ছাপা হয়েছে এক রঙে।

পৃষ্ঠা : ২৬, মূল্য : ১৫.০০ টাকা।

### নারীর উত্তরাধিকার

জমিতে নারী ও পুরষ কার কী অধিকার আছে। নারীরা কার জমিতে কতটুকু ভাগ পাবে এ বিষয়গুলো নিয়ে গল্পের আঙ্গিকে প্রণীত হয়েছে এই বুকলেটটি। এর প্রচ্ছদ দুই রঙে এবং ইনার এক রঙে মুদ্রিত।

পৃষ্ঠা : ১৪, মূল্য : ১০.০০ টাকা।







### গ্রাম্য সালিশে ন্যায় বিচারের জন্য বিচারক হিসাবে নারীদেরও থাকা প্রয়োজন


বিচারক হিসেবে নারীকে বাদ দিয়ে গ্রাম্য সালিশ করা ঠিক নয়। এতে ন্যায় বিচার পাওয়া যায় না। এ বিষয়ে সবাইকে সচেতন করার জন্য পোস্টারটি উন্নীত হয়েছে। পোস্টারটি দুই রঙে ছাপা।

মূল্য : ৫.০০ টাকা।

### গণতন্ত্রের কথা

গণতন্ত্রের ধারণাসহ ইউনিয়ন পরিষদ, পৌরসভা, সিটি কর্পোরেশন, জাতীয় সংসদ, সরকার, দেশ, ভোটাধিকার ইত্যাদি বিষয় নিয়ে বুকলেটটি প্রণীত হয়েছে। বুকলেটটির প্রচ্ছদ দুই রঙে এবং ইনার এক রঙে মুদ্রিত।

পৃষ্ঠা : ৩২, মূল্য : ১৪.০০ টাকা।






### স্থানীয় সম্পদ সংরক্ষণ ও ব্যবহার

তৃতীয় শ্রেণীর শিক্ষার্থীদের উপযোগী করে স্থানীয় সম্পদের ধারণা এবং এগুলোর সংরক্ষণ ও ব্যবহার নিয়ে পোস্টারটি উন্নীত হয়েছে। এটি দুই রঙে মুদ্রিত।


## নারী অধিকার ও উন্নয়ন

### নারী পুরুষ বৈষম্য



বাবার সংসারে মেয়েদের অবস্থা ও আশা, স্বামীর সংসারে স্ত্রী হিসেবে অবস্থা ও আশা, নারী-পুরুষ বৈষম্যের কুফল ও বৈষম্য দূর করার উপায় নিয়ে ৭ পৃষ্ঠার এই চার্টটি প্রকাশিত হয়েছে। চার্টটি

**পৃষ্ঠা : ৩৬, মূল্য : ২৪.০০ টাকা।**




### আমাদের কথা

নারীর অসহায়ত্বের সুযোগ নিয়ে পাড়া, গ্রাম ও মহল্লার মানুষ নানান কথা বলে। কিন্তু একজন নারী ইচ্ছে করলে এসব অন্যায়ের প্রতিবাদ করতে পারে, দাঁড়াতে পারে নিজের পায়ে- এ বিষয়গুলোর সন্নিবেশ হয়েছে এই বুকলেটে। এর প্রচ্ছদ দুই রঙে এবং ইনার এক রঙে মুদ্রিত।

**পৃষ্ঠা : ৩২, মূল্য : ১৬.০০ টাকা।**

### আমি আর তুমি




আমাদের সমাজে অল্প বয়স থেকেই ছেলে ও মেয়ের মধ্যে বৈষম্য পরিলক্ষিত হয়। বুকলেটটিতে সংলাপের মাধ্যমে বৈষম্যের ক্ষেত্রগুলো তুলে ধরা হয়েছে। বুকলেটের প্রচ্ছদ ও ইনার দুই রঙে ছাপা।

**পৃষ্ঠা : ২০, মূল্য : ৩০.০০ টাকা।**




### দুঃখিনী নুরজাহান

একজন নিরাপরাধ নারীকে ভন্ডদের অন্যায় অবিচারের জন্য প্রাণ দিতে হয়েছে। সেসাথে তার পরিবারকেও সইতে হয়েছে নির্যাতন। বাংলাদেশে বহুল আলোচিত সত্য ঘটনা নিয়ে এই বুকলেটটি রচিত। এর প্রচ্ছদ ও ইনার দুই রঙে মুদ্রিত।

**পৃষ্ঠা : ১৬, মূল্য : ২০.০০ টাকা।**

### বীর নারী




এই বুকলেটটিতে রাণী মা ইলা মিত্র, বীরকন্যা প্রীতিলতা, বীরাঙ্গনা সখিনা ও পাইলট ইয়াসমিন এই চারজন বীর বাঙালি নারীর জীবন কাহিনী উপস্থাপিত হয়েছে। বুকলেটটির প্রচ্ছদ দুই রঙে এবং ইনার এক রঙে ছাপা হয়েছে।

**পৃষ্ঠা : ২৪, মূল্য : ১৮.০০ টাকা।**




### নারী অধিকার

অপ্রাপ্ত বয়সে বিয়ে, বিয়ে রেজিস্ট্রি, যৌতুক, বহুবিবাহ, তালাক, নারী নির্যাতন ইত্যাদি গুরুত্বপূর্ণ বিষয়গুলোর সন্নিবেশনে গল্পের আঙ্গিকে এই বুকলেটটিতে রচিত হয়েছে। এর প্রচ্ছদ ছাপা হয়েছে দুই রঙে এবং ইনার এক রঙে।

**পৃষ্ঠা : ৩৪, মূল্য : ২১.০০ টাকা।**

### নারী উন্নয়ন




সব বিষয়ে মেয়েদের মতামতের মূল্য দেয়া, মেয়েদের লেখাপড়া শেখানো, ঘরের বাইরে নানান কাজে মেয়েদের অংশগ্রহণ, এই বিষয়গুলো নিয়ে গল্পের মাধ্যমে বুকলেটটি রচিত হয়েছে। বুকলেটটির প্রচ্ছদ ও ইনার যথাক্রমে দুই ও এক রঙে ছাপা।

**পৃষ্ঠা : ২০, মূল্য : ১৪.০০ টাকা।**




### মেয়েদের কথা

সংসার ও সমাজের প্রচলিত বিধি নিষেধ ডিঙিয়ে মেয়েরাও জাতীয় উন্নয়নে গুরুত্বপূর্ণ অবদান রাখতে পারে। বুকলেটটিতে এই কথা বিশদভাবে উল্লেখ করা হয়েছে। এর প্রচ্ছদ দুই রঙে এবং ইনার এক রঙে মুদ্রিত।

**পৃষ্ঠা : ২৪, মূল্য : ১৮.০০ টাকা।**

### দাবী আদায়




স্ত্রীর অমতে স্বামীর দ্বিতীয় বিয়ে, যৌতুক ইত্যাদি নানান নির্যাতনের বিরুদ্ধে সচেতন হয়ে নারীরা এর প্রতিবাদ করে তাদের ন্যায্য দাবী আদায় করে নিতে পারে। এসব বিষয়াদি নিয়ে কার্ডসেটটি রচিত। ৫টি কার্ড নিয়ে এই কার্ডসেটটি দুই রঙে ছাপা হয়েছে।

**মূল্য : ২৪.০০ টাকা।**





### বকুলের কথা

জেন্ডার সমতা বিষয়ক এই বুকলেটিতে নারীর স্বপ্ন ও বাস্তব অবস্থার অসামঞ্জস্যতা উদাহরণের মাধ্যমে তুলে ধরা হয়েছে। এর প্রচ্ছদ ও ইনার যথাক্রমে দুই ও এক রঙে মুদ্রিত।

**পৃষ্ঠা : ১২, মূল্য : ১২.০০ টাকা।**

### আদুরী




কোনো কাজ ভালোভাবে শেখা বা করার জন্য প্রশিক্ষণের বিকল্প নেই। গ্রামের খুব সাধারণ একটি মেয়ে সেলাই প্রশিক্ষণ নিয়ে কীভাবে সংসারে উন্নতি করতে পারে তা গল্পের মাধ্যমে এই বুকলেটে উপস্থাপিত হয়েছে। বুকলেটটির প্রচ্ছদ ও ইনার দুই রঙে ছাপা।

**পৃষ্ঠা : ২৪, মূল্য : ১৭.০০ টাকা।**




## কেন এমন হয়

মেয়েদের জীবনে এমন কিছু কষ্ট আছে যা অন্যকে বলা যায় না। আবার এসব কষ্ট সহ্যও করা যায় না। নানান ধরনের কিছু টুকরো টুকরো কষ্টের কোলাজ নিয়ে প্রকাশিত বুকলেটটির প্রচ্ছদ ও ইনার দুই রঙে ছাপা হয়েছে।

পৃষ্ঠা : ২৮, মূল্য : ২৫.০০ টাকা।

## প্রজনন অধিকার




প্রজনন অধিকার, প্রজনন স্বাস্থ্য ভালো রাখার উপায়, প্রজনন অধিকার রক্ষার আইনসমূহ ও শাস্তির বিধান, প্রজনন অধিকার আদায়ে আমরা যা করতে পারি- ইত্যাদি বিষয় নিয়ে বুকলেটটি রচিত হয়েছে। বুকলেটের প্রচ্ছদ দুই রঙে এবং ইনার এক রঙে ছাপা।

পৃষ্ঠা : ১৬, মূল্য : ১৮.০০ টাকা।




## আর নয় অবহেলা

মেয়ে সন্তানদের কেন বাড়তি পুষ্টির প্রয়োজন, তা বিশদভাবে এই বুকলেটটিতে বর্ণিত হয়েছে। আর নয় অবহেলা বুকলেটের প্রচ্ছদ দুই রঙে ছাপা হয়েছে, আর ইনার এক রঙে।

পৃষ্ঠা : ১৬, মূল্য : ১৫.০০ টাকা।

## ঘরের কাজ




এই বুকলেটে রেবেকা ও রাশিদার সংসারের মধ্যে তুলনা করে সংসারের কাজে নারী পুরুষের সমান অংশগ্রহণের প্রয়োজনীয়তাকে তুলে ধরা হয়েছে। এর প্রচ্ছদ ও ইনার দুই রঙে ছাপা।

পৃষ্ঠা : ২৮, মূল্য : ৩০.০০ টাকা।




## এ দাবী ন্যায্য দাবী

পুরুষের চেয়ে নারীকে কম মজুরি দেয়া ঠিক নয়, এ বিষয়ে সবাইকে সচেতন করার জন্য উন্নয়ন করা হয়েছে এই পোস্টারটি। এই পোস্টারটি চার রঙে মুদ্রিত।

পৃষ্ঠা : ১৬, মূল্য : ১৮.০০ টাকা।

# শিশু অধিকার

## শিশুদের জন্য আমরা (বুকলেট)




শিশুদের প্রধান প্রধান অধিকার নিয়ে বুকলেটটি প্রণীত। বিশেষ করে শিক্ষা, স্বাস্থ্য, শিশুর সুষ্ঠু বিকাশ, সুন্দরভাবে জীবন যাপনের ইত্যাদি অধিকারগুলো গল্পের মাধ্যমে তুলে ধরা হয়েছে। শিশু অধিকার বিষয়ক এই বুকলেটির প্রচ্ছদ ৪ রঙে এবং ইনার ২ রঙে মুদ্রিত।

পৃষ্ঠা : ২০, মূল্য : ৩০.০০ টাকা।




## আমার শৈশব আমার অধিকার

শিশুদের নানারকম অধিকার নিয়ে বুকলেটটি রচিত। যেমন- শিক্ষার অধিকার, যৌন নির্যাতন থেকে বাঁচার অধিকার, ঝুঁকিপূর্ণ শ্রম থেকে রক্ষা পাওয়ার অধিকার ইত্যাদি। শিশু অধিকার বিষয়ক এই বুকলেটটির প্রচ্ছদ দুই রঙে এবং ইনার এক রঙে ছাপা।

পৃষ্ঠা : ২৪, মূল্য : ২০.০০ টাকা।

## ওয়েল্ডিং থেকে সাবধান অকালে যাবে প্রাণ




ওয়েল্ডিং-এর কাজ করলে শিশুদের কী ধরনের ক্ষতি হতে পারে, তা খেলার মাধ্যমে জানার ব্যবস্থা রয়েছে এই উপকরণে। পাজেলটি দুই রঙে মুদ্রিত।

মূল্য : ৪০.০০ টাকা।




## খেলতে খেলতে জানব

শিশুশ্রমের বিষয়কে কেন্দ্র করে এই ম্যাচিং কার্ডটি উন্নয়ন করা হয়েছে। শিশুরা অনেক ঝুঁকিপূর্ণ কাজ করে। শিশুদের জন্য কিছু ঝুঁকিপূর্ণ কাজের ছবি কার্ডে আঁকা আছে, সেই সাথে ভিন্ন কার্ডে লেখা আছে এর ফলাফল। খেলার সময় একই বিষয়বস্তুর কার্ড দুটি মিলাতে হবে। এই প্যাকেটে ৩০টি কার্ড রয়েছে।

মূল্য : ৩২.০০ টাকা।

## সব শিশুরই আছে অধিকার শিশুশ্রম থেকে রক্ষা পাবার



বাংলাদেশে শিশুশ্রমের ধরন, শিশুশ্রমের কারণ, শিশুশ্রম আইন, শিশুশ্রমের পরিণাম, শিশু অধিকার, শিশুশ্রম অবসানে করণীয় প্রভৃতি বিষয় নিয়ে উন্নয়ন করা হয়েছে দুই রঙের ফোল্ডারটি।

মূল্য : ৭.০০ টাকা।



## আজকের শিশু কালকে গড়বে দেশ ঝুঁকিপূর্ণ কাজ করলে জীবন হবে শেষ

শিশুরাই আগামী দিনের ভবিষ্যত। কিন্তু নানারকম ঝুঁকিপূর্ণ কাজ করলে শিশুর জীবন ও ভবিষ্যত দুটোই নষ্ট হবে। এ বিষয়ে সচেতনতা সৃষ্টির জন্য দুই রঙের এই পোস্টারটি প্রকাশিত হয়েছে।

মূল্য : ৫.০০ টাকা।

## আপনার শিশুকে স্কুলে দিন




শিশুকে স্কুলে পাঠানোর বিষয়ে গণসচেতনতা সৃষ্টির লক্ষ্যে স্টিকারটি প্রকাশিত হয়েছে। স্টিকারটি সকল শিশুর স্কুলে গমন নিশ্চিতকরণে সহায়তা করবে। এটি ছাপানো হয়েছে দুই রঙে।

মূল্য : ২.০০ টাকা।

## ঝুঁকির কাজ ছাড়ব, সুস্থ জীবন গড়ব



এই লুডুটি খেলার মধ্য দিয়ে শিশু শ্রমের ক্ষতিকর দিকগুলো সম্বন্ধে জানা যাবে। যেমন- ওয়েল্ডিং- রিকশা চালানো, ইস্ত্রি করা ইত্যাদি। লুডুটি চার রঙে মুদ্রিত।

মূল্য : ১২০.০০ টাকা।



## আমাদেরও আছে অধিকার

মা-বাবার ভালো- বাসার পাশাপাশি সব শিশুর রয়েছে- খেলাধুলা, লেখাপড়া, চিকিৎসা পাবার অধিকার। শিশুর এসব অধিকার সম্বন্ধে গণসচেতনতা সৃষ্টির লক্ষ্যে প্রকাশিত হয়েছে এই পোস্টার। পোস্টারটি চার রঙে ছাপা হয়েছে।

মূল্য : ১২.০০ টাকা।

## শিশুশ্রম মুক্ত দেশ গড়ি




রিক্সা চালানো, লন্ড্রির দোকানে কাজ করা, ব্যাটারির দোকানে কাজ করা, স'মিলে কাজ করা থেকে শিশুদেরকে সবসময় দূরে রাখা উচিত। কারণ এতে শিশুদের দীর্ঘমেয়াদী অনেক ক্ষতি হয়। এ বিষয়টি নিয়ে উন্নীত হয়েছে সচেতনতামূলক ৬ টি কার্ডের এই কার্ডসেটটি। এটি দুই রঙে মুদ্রিত।

মূল্য : ৮০.০০ টাকা।




## এসো গল্প পড়ি

এই বুকলেটটিতে শিশুদের কিছু অধিকারের কথা গল্পের আঙ্গিকে উপস্থাপিত হয়েছে। বুকলেটটি থেকে শিশু তার অধিকারের কথা জানবে। বইটির প্রচ্ছদ ও ইনার দুই রঙে ছাপা।

পৃষ্ঠা : ২০, মূল্য : ২০.০০ টাকা।

# নারী ও শিশু পাচার প্রতিরোধ

## নারী ও শিশু পাচার




নারী ও শিশু পাচার কীভাবে হয়? কারা পাচারের কবলে পড়ে? পাচার বিষয়ক আইনসহ পাচার সম্পর্কিত নানান তথ্য নিয়ে বুকলেটটি রচিত হয়েছে। বুকলেটের প্রচ্ছদ দুই রঙে আর এক রঙে ছাপানো হয়েছে ইনার।

পৃষ্ঠা : ৩২, মূল্য : ১২.০০ টাকা।




## শিশু ও নারী পাচার প্রতিরোধে আমাদের করণীয়

শিশু ও নারী পাচারের কৌশল, পাচারের ভয়াবহতা, পাচারকারী চিহ্নিত করা, পাচার বিষয়ে সমাজের করণীয় ইত্যাদি তথ্যাবলী রয়েছে ১০টি কার্ডের এই কার্ডসেটে। এটি দুই রঙে মুদ্রিত।

মূল্য : ১০০.০০ টাকা।

## পাচারকারীর মিষ্টি কথায় ভুলবেন না




পাচারকারীর প্রলোভন থেকে দূরে থাকার বিষয়টি প্রতিপাদ্য করে এই স্টিকারটি উন্নয়ন করা হয়েছে। মিষ্টি কথায় না ভুলার আহ্বান সম্বলিত স্টিকারটি দুই রঙে ছাপানো হয়েছে।

মূল্য : ৩.০০ টাকা।




## পাচার হওয়ায় মেয়েটির কোনো দোষ নাই

পাচার হয়ে যাওয়া কোনো মেয়ে উদ্ধারের পর নিজের পরিবারে ফিরতে পারে না- আমাদের রক্ষণশীল দৃষ্টিভঙ্গির কারণে। সমাজের রক্ষণশীল দৃষ্টিভঙ্গি পরিবর্তন এবং উদ্ধার পাওয়া মেয়েটির স্বাভাবিক জীবন যাপনের দাবী নিয়ে পোস্টারটি প্রকাশ করা হয়েছে। পোস্টারটি চার রঙে মুদ্রিত।

মূল্য : ১০.০০ টাকা।

## শিশু ও নারী পাচার প্রতিরোধ করুন এবং গণসচেতনতা গড়ে তুলুন




শিশু ও নারী পাচার বিষয়ে গণসচেতনতা সৃষ্টির জন্য লিফলেটটি উন্নয়ন করা হয়েছে। চার রঙে ছাপানো এই লিফলেটটিতে তিনটি বেসরকারি সংস্থার পাচার বিষয়ক কার্যক্রমের বর্ণনা রয়েছে।

মূল্য : ৬.০০ টাকা।



## শিশু ও নারী পাচার প্রতিরোধে ইউনিয়ন পরিষদের দায়িত্ব ও কর্তব্য

এটি শিশু ও নারী পাচার প্রতিরোধে ইউনিয়ন পরিষদের দায়িত্ব ও কর্তব্য বিষয়ক চার রঙের একটি লিফলেট।

মূল্য : ৪.০০ টাকা।

## শিশু নারী পাচার প্রতিরোধে স্থানীয় সমাজের ভূমিকা




স্থানীয়ভাবে সমাজের সবাই মিলে কীভাবে শিশু ও নারী পাচার প্রতিরোধ করা যায়- সে বিষয়ে চার রঙের লিফলেটটি উন্নয়ন করা হয়েছে।

মূল্য : ৪.০০ টাকা।




## শিশু ও নারী পাচার প্রতিরোধ করতে হবে

এটি জনসাধারণের মাঝে শিশু ও নারী পাচার প্রতিরোধ করার আহ্বান সম্বলিত সচেতনতামূলক একটি পোস্টার। পোস্টারটি ছাপা হয়েছে দুই রঙে।

মূল্য : ৫.০০ টাকা।